

নাবিকের স্বপ্ন

- বিজন রায়

একলা মনে ঘরের কোণে

রইনু বসে এতকাল ।

হঠাৎ কখন ডাক দিল কে ?

স্বপ্ন ভাঙা মহাকাল ॥

তা থৈ তা থৈ ঢেউয়ের তালে

নাচে আমার বর্তমান ।

ছিঁড়ল শেকল, ঘরের আরাম

ভেঙে হলো খান্ খান্ ॥

এধারে ওধারে / নগরে শহরে

কেউ নেই মোর সাথী ।

সাথে ছিল যারা / দূরে আছে তারা

চারিদিকে জল - রাশি ॥

কূল নেই তার কিনারাও নেই

হাসে সে অটুহাসি ।

কখনো সে হয় সুন্দরী নারী

কখনো বা , রাক্ষসী ॥

এ জীবন ? বড় কঠিন, বন্ধু

পার হতে হবে সাগর সিন্ধু ।

ঘর ছেড়ে যখন / চলে যাই দূরে

স্মৃতি পটে থাকে অশ্রু বিন্দু ॥

এখন, আমি এসেছি ফিরে

তোমাদের মাঝে আবার ।

লোনা জল আমি অনেক পেয়েছি

এক সাথে থাকি, এবার ???